

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

৮৫.১৪১.০১৪.০০.০০.০০২.২০১৩ (অংশ-১)- ৫৯

তারিখ: ২৪.০৩.২০১৫খ্রি:

## অফিস আদেশ

### স্বাস্থ্য সেবাখাতে শুদ্ধাচার ও নৈতিকতা বিষয়ে পাঠচক্র গঠন

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে স্বাস্থ্য সেবাখাতে সুশাসন বিষয়ে বিশেষায়িত জ্ঞানচর্চায় উৎসাহিত করার জন্য এবং মন্ত্রণালয়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসাবে ‘স্বাস্থ্য সেবাখাতে শুদ্ধাচার ও নৈতিকতা সংক্রান্ত পাঠচক্র’ (Study Circle) নিয়ন্ত্রণভাবে গঠন করা হল:

#### পাঠচক্র গঠন:

- ১। জনাব মো: হারুন-উর-রশিদ খান, যুগ্মসচিব (শৃঙ্খলা)
- ২। বেগম বদরুন নেছা, যুগ্মসচিব (উন্নয়ন)
- ৩। জনাব মো: জিল্লুর রহমান, উপসচিব (পার-৪)
- ৪। ডাঃ মো: খায়রুল হাসান, উপপ্রধান (স্বাস্থ্য)
- ৫। ফাতেমা রহিম ভীনা, উপসচিব (প্রশাসন-৪)
- ৬। ড. মো: এনামুল হক, উপসচিব (প্রকল্প বাস্তবায়ন-৩)
- ৭। জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, উপসচিব (পার-৫),
- ৮। জনাব রেজওয়ানুর রহমান, সিনিয়র সহকারী সচিব (ক্রয় ও সংগ্রহ)

#### ১। পাঠচক্রের কর্মকৌশল

- ২.১: স্বাস্থ্য খাতে সুশাসন, শুদ্ধাচার ও নৈতিকতা বিষয়ে বিশেষায়িত সাময়িকীসহ গণমাধ্যম ও ওয়েব সাইট পাঠ ও পর্যালোচনা;
- ২.২: দুর্নীতি দমন এবং ক্রয় সংক্রান্ত আইন ও বিধি পাঠ ও পর্যালোচনা;
- ২.৩: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতীয় শুদ্ধাচার কৌশল পাঠ ও পর্যালোচনা;
- ২.৪: দারিদ্র্য বিমোচন কৌশলপত্র, ষষ্ঠ পঞ্জবার্ষিক পরিকল্পনা, বুপকল্প-২০২১, বাংলাদেশ পরিপ্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১ সহ সরকারের সম্পৃক্ত দলিলাদি পাঠ ও পর্যালোচনা;
- ২.৫: বেসরকারি খাত, শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের সুশাসন ও শুদ্ধাচার সম্পৃক্ত প্রতিবেদন ও গবেষণা পাঠ;
- ২.৬: নির্দিষ্ট বিষয়ে দলীয় আলোচনা ও উপস্থাপন;
- ২.৭: প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ;

#### ৩। পাঠচক্রের কর্মপরিধি:

- ৩.১: মন্ত্রণালয়ে স্বচ্ছ ও জবাবদিহি পরিবেশ সৃষ্টির লক্ষ্যে জ্ঞানভিত্তিক উদ্বৃদ্ধকরণ কর্মসূচি প্রণয়নে সহায়তা দান;
  - ৩.২: মন্ত্রণালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে প্রাতিষ্ঠানিক, আইন ও প্রায়োগিক সামর্থ্য বৃদ্ধিতে সহায়তাকরণ;
  - ৩.৩: জাতীয় শুদ্ধাচার কৌশল ও মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনার মূল চেতনা সম্প্রসারণ;
  - ৩.৪: জ্ঞানভিত্তিক পর্যালোচনার মাধ্যমে মন্ত্রণালয়ের সুশাসনের ক্ষেত্রে সংকট চিহ্নিতকরণ ও সংকট নিরসনে সুপারিশ প্রণয়ন;
  - ৩.৫: শুদ্ধাচার প্রতিষ্ঠায় মন্ত্রণালয়ে প্রাতিষ্ঠানিক কর্মপদ্ধতি/সেবা পর্যালোচনা;
- ৪। এই পাঠচক্রকে স্বাস্থ্য সেবাখাতে শুদ্ধাচার ও নৈতিকতা বিষয়ে Think Tank হিসাবে কাজ করতে হবে এবং এ বিষয়ে মন্ত্রণালয়কে মতামত, তথ্য ও পরামর্শ দিয়ে সেবা দান করতে হবে।

৫। পাঠ্চক্রের সদস্যগণের সক্ষমতা বৃদ্ধির জন্য এ সম্পর্কিত বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে এবং পাঠ্চক্রের সদস্যগণ প্রত্যেকে নৃন্যতম ৩ জন অনুজ সহকর্মীকে এ বিষয়ে জ্ঞানলাভে উদ্বৃদ্ধ করবেন।

৬। স্বাস্থ্য সেবাখাতে শুরুচার ও নৈতিকতা বিষয়ে আগ্রহী কর্মকর্তাকে সচিব মহোদয়ের অনুমোদন সাপেক্ষে কো-অপ্ট করা যেতে পারে।

৭। জনস্বার্থে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদক্রমে এই আদেশ জারি করা হল। এটি অবিলম্বে কার্যকর হবে।

২৫ মে ২০২৩।  
(ফাতেমা রহিম ভীনা)

উপসচিব

ফোনঃ ৯৫৪০৩৬২

ই-মেইল:-monitor@mohfw.gov.bd

**কার্যার্থে (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। জনাব মোঃ হারুন-উর-রশিদ খান, যুগ্মসচিব (শৃঙ্খলা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। বেগম বদরুন নেছা, যুগ্মসচিব (উন্নয়ন), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। ডাঃ মোঃ খায়রুল হাসান, উপপ্রধান (স্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। জনাব মোঃ জিল্লুর রহমান, উপসচিব (পার-৪), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। ফাতেমা রহিম ভীনা, উপসচিব (প্রশাসন-৪), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। ড. মোঃ এনামুল হক, উপসচিব (প্রকল্প বাস্তবায়ন-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, উপসচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। জনাব রেজওয়ানুর রহমান, সিনিয়র সহকারী সচিব (ক্রয় ও সংগ্রহ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

**জ্ঞাতার্থেঃ**

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।